☎01755550035-36

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
সোমবার | ৮ জুন ২০২৬ | www.edainikazadi.net

রয়েল সিমেন্ট



*বক্তব্য রাখছেন প্রিমিয়ার ভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির*

# প্রিমিয়ার ভার্সিটির ফ্যাশন ডিজাইন বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি উদ্বোধন উপলক্ষে গতকাল রোববার দামপাড়াস্থ ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী এবং পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্থপতি হোসেন মুরাদ। সভাপতিত্ব করেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) স্থপতি কুহেলী চৌধুরী। প্রধান অতিথি বলেন, আমার স্বপ্ন হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করা। এজন্য এই বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন করা হচ্ছে। ভবিষ্যতেও এই উন্নয়ন অব্যাহত থাকবে। বিশেষ অতিথি প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, শিক্ষকদের পাঠদান তখনই ফলপ্রসূ হয়, যখন তাঁরা প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পান। ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধা তারই অংশ। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির তাঁর বক্তব্যে অবকাঠামোর উন্নয়নের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন বৃদ্ধি করা হচ্ছে বলে উল্লেখ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রশাসন শিক্ষার্থীদের একাডেমিক উৎকর্ষ অর্জনের জন্য প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান করে যাচ্ছে। প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, একটি ইতিবাচক ও সৃজনশীল শিক্ষার পরিবেশ গড়ে তুলতে অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্থপতি হোসেন মুরাদ বলেন, পরিকল্পিত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আমরা শিক্ষার্থীদের জন্য আধুনিক ও কার্যকর শিক্ষার পরিবেশ নিশ্চিত করার চেষ্টা করছি। সভাপতির বক্তব্যে স্থপতি কুহেলী চৌধুরী কাঠামোগত ফ্যাসিলিটির যথাযথ ব্যবহার সম্পর্কে দিকনির্দেশনা দেন। শেষে ফাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের নতুন শিক্ষক মিলনায়তন, লেকচার রুম, সুয়িং এবং ডায়িং প্রিন্টিং ল্যাবের উদ্বোধন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 08 June 2026, Page: 2, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-06-8

চট্টগ্রাম সোমবার ৮ জুন ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৪১তম বর্ষ ১০৪তম সংখ্যা।। ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ।। ২১ জিলহজ্ব ১৪৪৭ হিজরি।। Monday 8 June 2026।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধনে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির ও অন্যরা*

### *প্রিমিয়ার ভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগ*

# নতুন প্রতিষ্ঠিত কার্যালয় এবং ল্যাবরেটরি সুবিধা উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধন উপলক্ষে গতকাল রবিবার (৭ জুন) ২০২৬ বিশ্ববিদ্যালয়ের দামপাড়াস্থ ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী এবং পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্থপতি হোসেন মুরাদ। সভাপতিত্ব করেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) স্থপতি কুহেলী চৌধুরী। প্রধান অতিথির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, আমার স্বপ্ন হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করা। এজন্য এই বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন করা হচ্ছে। ভবিষ্যতেও এই উন্নয়ন অব্যাহত থাকবে। প্রধান অতিথি আরও বলেন, ফ্যাশন শিল্প বর্তমানে বাংলাদেশের অন্যতম সম্ভাবনাময় সৃজনশীল ও অর্থনৈতিক খাত। আধুনিক শিক্ষা ও গবেষণার জন্য প্রয়োজন যুগোপযোগী অবকাঠামো। নবপ্রতিষ্ঠিত এই কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধা শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন, গবেষণা এবং শিল্পখাতের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অনুষ্ঠানের শেষে ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের নতুন শিক্ষক মিলনায়তন, লেকচার রুম, সুয়িং এবং ডায়িং প্রিন্টিং ল্যাবের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগসহ ব্যবসায় প্রশাসন বিভাগ, গণিত বিভাগ ও স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 08 June 2026, Page: 3, Col: 4

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-06-08

মঙ্গলবার
চট্টগ্রাম
৯ জুন ২০২৬
২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২২ জিলহজ্জ ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-১৬৩

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4 80 GSM

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা



প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধনে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির ও অন্যরা

### প্রিমিয়ার ইউনিভার্সিটি

# ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে ল্যাবরেটরি উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধন উপলক্ষে গত ৭ জুন বিশ্ববিদ্যালয়ের দামপাড়াস্থ ভবনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির।

বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী এবং পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্থপতি হোসেন মুরাদ। সভাপতিত্ব করেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) স্থপতি কুহেলী চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, আমি ঘুমিয়ে স্বপ্ন দেখি না। আমি জাগ্রত অবস্থায় স্বপ্ন দেখি। এটাই প্রকৃত স্বপ্ন। আমার স্বপ্ন হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করা।

বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, শিক্ষকদের পাঠদান তখনই ফলপ্রসূ হয়, যখন তাঁরা প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পান। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পর্যায়ক্রমে এই সুযোগ-সুবিধা প্রতিষ্ঠিত করা হচ্ছে। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, অবকাঠামোর উন্নয়নের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন বৃদ্ধি করা হচ্ছে বলে উল্লেখ করেন।

তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন উন্নয়নের বিবরণ প্রকাশ করেন। প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, একটি ইতিবাচক ও সৃজনশীল শিক্ষার পরিবেশ গড়ে তুলতে অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্থপতি হোসেন মুরাদ বলেন, পরিকল্পিত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আমরা শিক্ষার্থীদের জন্য আধুনিক ও কার্যকর শিক্ষার পরিবেশ নিশ্চিত করার চেষ্টা করছি। সভাপতির বক্তব্যে স্থপতি কুহেলী চৌধুরী কাঠামোগত ফ্যাসিলিটির যথাযথ ব্যবহার সম্পর্কে দিকনির্দেশনা দেন।

তিনি বলেন, বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আমরা আজ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছি। নতুন কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধা শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান ও পেশাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। অনুষ্ঠানে ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগসহ ব্যবসায় প্রশাসন বিভাগ, গণিত বিভাগ ও স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 09 June 2026, Page: 3, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-06-9

চট্টগ্রাম • সোমবার • ৮ জুন ২০২৬ • ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ • ২১ জিলহজ ১৪৪৭ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ২৭৪

সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ আবাসন ঋণে নতুন উদ্যোগ সুবিধা পাবেন ফ্ল্যাট ক্রেতারা

৫ বৃক্ষরোপণের বিকল্প নেই হেলদি সিটির জন্যে : মেয়র

৬ বাফুফে'র পুরস্কার পেলেন নারী ফুটবলাররা



ক্যান্সার বাড়ছে

**কারণ অনুসন্ধান ও প্রতিরোধ জরুরি**

বাংলাদেশে নীরব ঘাতক হিসেবে ক্যান্সারের বিস্তার এখন এক আশঙ্কাজনক পর্যায়ে পৌঁছেছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের নব কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধনে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির ও অন্যরা

# ফ্যাশন শিল্প অন্যতম সম্ভাবনাময় অর্থনৈতিক খাত : প্রিমিয়ার উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধার উদ্বোধন উপলক্ষে গত রবিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের দামপাড়ার ভবনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখারমনির, প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী এবং পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্থপতি হোসেন মুরাদ। সভাপতিত্ব করেন ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) স্থপতি কুহেলী চৌধুরী। প্রধান অতিথি প্রফেসর এস. এম. নছরুল কদির বলেন, আমি ঘুমিয়ে স্বপ্ন দেখি না। আমি জাগ্রত অবস্থায় স্বপ্ন দেখি। এটাই প্রকৃত স্বপ্ন। আমার স্বপ্ন হচ্ছে, এই বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করা।

প্রধান অতিথি আরও বলেন, ফ্যাশন শিল্প বর্তমানে বাংলাদেশের অন্যতম সম্ভাবনাময় সৃজনশীল ও অর্থনৈতিক খাত। আধুনিকশিক্ষা ও গবেষণার জন্য প্রয়োজন যুগোপযোগী অবকাঠামো। নবপ্রতিষ্ঠিত এই কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধা শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন, গবেষণা এবং শিল্পখাতের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রিমিয়ার ইউনিভার্সিটি শিক্ষার্থীদের আন্তর্জাতিক মানের শিক্ষাপ্রদানেপ্রতিশ্রুতিবদ্ধ। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, শিক্ষকদের পাঠদান তখনই ফলপ্রসূ হয়, যখন তাঁরা প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পান। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পর্যায়ক্রমে এই সুযোগ-সুবিধাপ্রতিষ্ঠিতকরাহচ্ছে। ফ্যাশনডিজাইনঅ্যান্ড টেকনোলজি বিভাগে নবপ্রতিষ্ঠিত কার্যালয় ও ল্যাবরেট রিসুবিধা তারই অংশ। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনিরতাঁর বক্তব্যে অবকাঠামোর উন্নয়নের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন বৃদ্ধি করা হচ্ছে বলে উল্লেখ করেন। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন উন্নয়নের বিবরণ প্রকাশ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রশাসন শিক্ষার্থীদের একাডেমিক উৎকর্ষ অর্জনের জন্য প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান করে যাচ্ছে। এই উদ্বোধন সেই ধারাবাহিক প্রচেষ্টারই অংশ। প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, একটি ইতিবাচকও সৃজনশীল শিক্ষার পরিবেশ গড়ে তুলতে অবকাঠামোগত উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নতুন সু-বিধা শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণার উৎস হবে। স্থপতি হোসেন মুরাদ বলেন, পরিকল্পিত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আমরা শিক্ষার্থীদের জন্য আধুনিক ও কার্যকর শিক্ষার পরিবেশ নিশ্চিত করার চেষ্টা করছি। এই প্রকল্প তারই একটি সফল বাস্তবায়ন। সভাপতির বক্তব্যে স্থপতি কুহেলী চৌধুরী কাঠামোগত ফ্যাসিলিটির যথাযথ ব্যবহারসম্পর্কে দিকনির্দেশনা দেন। তিনি বলেন, বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আমরা আজ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছি। নতুন কার্যালয় ও ল্যাবরেটরি সুবিধা শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান ও পেশাগত দক্ষতাবৃদ্ধিতে সহায়ক হবে। অনুষ্ঠানের শেষে ফাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের নতুন শিক্ষক মিলনায়তন, লেকচার রুম, সুয়িং এবং ডায়িং প্রিন্টিং ল্যাবের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগসহ ব্যবসায় প্রশাসন বিভাগ, গণিত বিভাগ ও স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 08 June 2026, Page: 5, Col: 6

https://esuprobhat.com/index.php?page=1&date=2026-06-8